# ১৬ তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সহকারী জজ) পরীক্ষা ২০২৩

[শিশু, নারী ও শিশু, বিশেষ ক্ষমতা, মাদকদ্রব্য ও আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত আইন]

ঐচ্ছিক বিষয়-১

**বিষয় কোড ঃ ৯৮**

সময়-৩ঘন্টা [ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক] পূর্ণমান-১০০

[বাংলা অথবা ইংরেজি যে-কোনো একটি ভাষায় উত্তর দিতে হবে। তবে টেকনিক্যাল শব্দগুলো যে-কোনো ভাষায় লেখা যাবে।

**'ক' অংশ ঃ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দিন (৩×২০=৬০)**

১। ক) নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ অনুযায়ী অপরাধের বিচার পদ্ধতি আলোচনা করুন। উক্ত আইন অনুসারে একজন অতিরিক্ত দায়রা জজ 'নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল'র বিচারক হিসাবে নিযুক্ত হতে পারে কি?

খ) 'B' ও তার বান্ধবী 'G' তাদের অন্তরঙ্গ মুহূর্তের ভিডিও 'B' এর মোবাইলে ধারণ করে। 'Y', 'B' এর মোবাইলটি চুরি করে এবং উক্ত ভিডিও 'পমপম' নামক হোয়াটস অ্যাপ গ্রুপের এডমিন 'O' এর নিকট বিক্রি করে। 'O' ভিডিওটি ইন্টারনেটে প্রকাশ করে। উক্ত ঘটনার দ্বারা হতাশাগ্রস্থ হয়ে 'G' আত্মহত্যা করে। নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক 'B', 'O' ও 'Y' এর দায় নিরূপণ করুন।

গ) নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ অনুযায়ী টিকা লিখুনঃ

i) ট্রাইব্যুনালে সাক্ষীর উপস্থিতি

ii) সংবাদ মাধ্যমে নির্যাতিতা নারী ও শিশুর পরিচয় প্রকাশের ব্যাপারে বাধা নিষেধ।

২। ক) নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ অনুযায়ী ম্যাজিস্ট্রেট কর্তৃক যে-কোনো স্থানে জবানবন্দি গ্রহণের ক্ষমতা সংক্রান্ত বিধান কী? উক্ত আইন অনুযায়ী ধর্ষণ ও ধর্ষণজনিত কারণে মৃত্যুর শাস্তি কী? সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক আলোচনা করুন।

খ) 'X' ও 'Y' এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ১২ ধারার অধীনে অভিযোগপত্র দাখিল করা হয়। তদন্তকালে 'X' গ্রেফতার হয়। কিন্তু বিচারের জন্য আমলে গ্রহণের পূর্বে 'X' জামিনের সুযোগ নিয়ে পলাতক হয়। "Y" পূর্বাপর পলাতক থাকে। এই অবস্থায় 'X' ও 'Y' এর বিরুদ্ধে বিচার পরিচালনায় ট্রাইব্যুনালকে কী পদ্ধতি অবলম্বন করতে হবে? নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক উত্তর দিন।

গ) ২১ ১০/০১/২০১৫ তারিখে "Y" কে যৌন পীড়ন এর অভিযোগে 'X' দোষীসাব্যস্ত হয় এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল কর্তৃক ৫ বছরের সশ্রম কারাদণ্ড ও ১ লক্ষ টাকার অর্থদণ্ডে দণ্ডিত হয়। কিন্তু 'X' এর বিদ্যমান সম্পদের পরিমাণ ১ লক্ষ টাকার কম হওয়ায় উক্ত অর্থদণ্ড আদায় করা সম্ভব হয় নাই। পরবর্তীতে ০৮/০১/২০২০ তারিখে 'X' উত্তরাধিকারসূত্রে ২ লক্ষ টাকা মূল্যমানের সম্পত্তি প্রাপ্ত হয়। এক্ষেত্রে উক্ত অর্থদন্ড আদায়ের পদ্ধতি কী? নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর প্রাসঙ্গিক বিধানের আলোকে উত্তর দিন।

৩। ক) শিশু আইন, ২০১৩ অনুযায়ী শিশু আদালতের ক্ষমতা, পরিবেশ ও সুবিধাসমূহের বিবরণ দিন। আইনে উল্লিখিত সুবিধাসমূহ পর্যাপ্ত কি? আপনার উত্তরের সমর্থনে যুক্তি প্রদর্শন করুন।

খ) শিশু আইন, ২০১৩ এর আলোকে বিচার প্রক্রিয়ায় শিশুর অংশগ্রহণ সংক্রান্ত বিধান আলোচনা করুন।

গ) শিশু আইন, ২০১৩ এর অধীনে বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে প্রবেশন কর্মকর্তার ভূমিকা নিরূপণ করুন। বিকল্প পন্থার আদেশ পালনে ব্যর্থতার ফলাফল বর্ণনা করুন।

৪। ক) "জামিনযোগ্য ও অজামিনযোগ্য অপরাধ নির্বিশেষে একজন শিশুকে জামিন দিতে হবে"। শিশু আইন, ২০১৩ এবং উচ্চ আদালতের সিদ্ধান্তের আলোকে উক্তিটি ব্যাখ্যা করুন।

খ) শিশু আইন ২০১৩ অনুসারে 'আইনের সাথে সংঘাতে জড়িত শিশু' দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করতে পারে কি? উচ্চ আদালতের সিদ্ধান্ত উল্লেখে উত্তর দিন।

গ) সরকারি শিশু পরিবার'-এ বসবাসকারী 'X' কে প্রাপ্তবয়স্কদের সিনেমা দেখার জন্য নিরাপত্তা প্রহরী 'Y' এই শর্তে বাইরে যাওয়ার অনুমতি দেয় যে, 'X' প্রতি রাতে "ণ" এর শরীর মর্দন করবে। কিন্তু শিত হওয়ায় সিনেমা হলে প্রবেশ করতে না পেরে 'X' ভোর হওয়ার আগেই ফেরত আসে। সকালে শিশু পরিবারের। তত্ত্বাবধায়ক 'Z' বাইরে যাওয়ার বিষয়টি জানতে পেরে 'X' কে শাস্তিরূপ মাঠের ঘাস কাটার জন্য বাধ্য করে। শিশু আইন, ২০১৩ এর আলোকে 'Y' ও ' Z' এর দায় নিরূপণ করুন।

৫। ক) আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ ও এর অধীনে প্রণীত বিধিমালার আলোকে 'মামলা পূর্ববর্তী' ও 'মামলা পরবর্তী' বিরোধ নিষ্পত্তিতে একজন লিগ্যাল এইড অফিসারের ভূমিকা আলোচনা করুন।

খ) ১৫ বছর বয়সী 'X, যার বার্ষিক গড় আয় ১,৬০,০০০ টাকা, আইনগত সহায়তা প্রাপ্তির জন্য সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটির নিকট আবেদন পেশ করে। কমিটি 'X' এর বয়স ১৮ বছর না হওয়ায় অভিভাবকের মাধ্যমে আবেদন করার পরামর্শ দিয়ে আবেদনটি অগ্রাহ্য করে। 'X' এর কোনো প্রতিকার আছে কী? সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসারে উত্তর দিন।

গ) আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর আলোকে জেলা লিগ্যাল এইড কমিটির সভা সংক্রান্ত বিধান বর্ণনা করুন। বিচারপ্রার্থীদের ন্যায়বিচার প্রাপ্তির অধিকার ত্বরান্বিতকরণে জেলা লিগাল এইড কমটির মাসিক সভা কীভাবে ভূমিকা রাখে?

**খ অংশঃ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দিন (২×২০=৮০)**

৬। ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর বিধানমতে 'মাদকদ্রব্য' বলতে কি বুঝায়? ম্যাজিস্ট্রেট আদালত অথবা ট্রাইব্যুনাল কর্তৃক মাদকদ্রব্য বাজেয়াপ্তকরণ পদ্ধতি সংক্ষেপে বর্ণনা করুন।

খ) "আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে মাদক মামলার বিচার সম্পন্ন করতে হবে।" মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধানের আলোকে উক্তিটি বিশ্লেষণ করুন।

গ) "X" সরকারি চাকুরিতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন। চাকুরিতে যোগদানের পূর্বশর্ত হিসাবে তাকে ডোপ টেস্টে পজেটিভ পাওয়া যায়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা নেওয়া যাবে কি?

ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী নিম্নলিখিত অপরাধসমূহের দণ্ড কী?

i) বেআইনী অথবা হয়রানিমূলক তল্লাশী:

ii) মাদকদ্রব্য সংক্রান্ত অপরাধ সংঘটনে গৃহ অথবা যানবহন ব্যবহার করতে দেওয়া।

৭। ক) The Special Powers Act, 1974 এর বিধানানুসারে 'Advisory Board' এর গঠন, উদ্দেশ্য ও কার্যপদ্ধতি বর্ণনা করুন।

খ) The Special Powers Act, 1974 অনুযায়ী খাদ্যদ্রব্য, পানীয়, ঔষধ বা প্রসাধনী সামগ্রীতে ভেজাল মেশানো ও ভেজাল পণ্য বিক্রয়ের দণ্ড সংক্রান্ত বিধান বর্ণনা করুন।

গ) The Special Powers Act, 1974 অনুসারে টিকা লিখুনঃ

i) সুরক্ষিত এলাকা;

ii) আপিল এবং মৃত্যুদণ্ড অনুমোদন।

৮। ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী 'নিয়ন্ত্রিত বিলি' বলতে কী বোঝেন? কোন পরিস্থিতিতে সরকার 'নিয়ন্ত্রিত বিলি' অনুমোদন করতে পারে? নিয়ন্ত্রিত বিলির জন্য অনুমোদনপ্রাপ্ত ব্যক্তির ক্ষমতা ও কার্যাবলি আলোচনা করুন।

খ) 'X' একজন অভ্যাসগত মাদক বিক্রেতা। সে ইতোমধ্যে ২ বার মাদকদ্রব্য অপরাধের জন্য যথাক্রমে ৩ ও ৫ বছরের কারাদণ্ডে দণ্ডিত হয়ে দণ্ড ভোগ করেছে। 'X' পুণরায় মাদকদ্রব্য অপরাধে অভিযুক্ত হয়ে বিচারের সম্মুখীন হয়েছে এবং অভিযোগ প্রমাণিত হয়েছে। এক্ষেত্রে 'X' এর অন্যূন কত বছর কারাদণ্ড হতে পারে? মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধান উল্লেখপূর্বক উত্তর দিন।

গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অনুযায়ী টিকা লিখুনঃ

i) দেহ তল্লাশীর জন্য বিশেষ পরীক্ষা:

ii) অ্যালকালয়েড ও প্রিকারসর কেমিকেলস।

**[English Version]**

**16th BJS Examination, 2023**

## Optional Subject-1

**Part A: Answer any three (3×20=60)**

1. a) Discuss the procedure of trial of offences under the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000. Can an Additional Sessions Judge be appointed as a Judge of the Nari O Shishu Nirjaton Damon Tribunal as per the said Ain?

b) 'B' and his girlfriend 'G' captured a video of their intimate moment on 'B's mobile. 'Y' stole the mobile of 'B' and sold that video to 'O' who was an admin of a Whatsapp group titled 'Pompom. 'O' published the video on internet. Being depressed by that incident, 'G' committed suicide. Determine the liability of 'B', 'O' and 'Y' under the relevant provisions of the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000.

c) Write short notes under the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000:

i) Presence of witnesses in the Tribunal;

ii) Prohibition on publishing acquaintance of a woman or a child oppressed in news media.

2. a) What is the provision regarding Magistrate's power to record statement at any place under the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000? What are the punishments for rape and death in consequence of rape under the said Ain? Discuss mentioning the relevant provisions of law.

b) Charge sheet was submitted against 'X' and 'Y' for the offence under section 12 of the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000. X' was arrested during investigation; but became absconding enjoying opportunity of bail before taking cognizance by the Tribunal. 'Y' remained absconding all along. In these circumstances, what procedure is to be followed by the Tribunal to continue trial against 'X' and 'Y? Answer referring to relevant provisions of the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000.

c) On 10/01/2015 'X' was convicted of committing sexual oppression to 'Y' and was sentenced to suffer for 5 years Rigorous Imprisonment and a fine of Tk. I lac by the Nari O Shishu Nirjaton Damon Tribunal. The amount of fine could not be realized, since 'X' did not have property worth Tk. 1 lac. Subsequently, on 08/01/2020 'X' acquired property worth taka 2 lac by inheritance. In such a situation, what is the procedure to realize the aforementioned amount of fine? Answer in light of the relevant provisions of the Nari O Shishu Nirjaton Damon Ain, 2000.

3. a) Discuss the powers, environment and facilities of the Shisu Adalat under the Shishu Ain, 2013. Are the facilities provied in the Shishu Ain, 2013 sufficient? Assign reasons in support of your answer.

   b) Describe the provisions relating to the participation of the child in court proceedings in light of the Shishu Ain, 2013.

   c) Ascertain the role of Probation Officer in resolving a dispute by 'diversion'. Describe the consequence of failure to comply with the order of 'diversion'.

4. a) "Whether the offence is bailable or non-bailable, a child has to be granted bail."-Elucidate the statement in light of the Shishu Ain, 2013 and relevant decision(s) of the Apex Court.

   b) Can a child in conflict with law make confessional statement as per the Shishu Ain, 2013 Answer citing relevant decision(s) of the Apex Court.

   c) 'Y', a security guard of the Sarkari Shishu Poribar, allowed 'X', a resident thereof to go outside for watching adult movie with a condition that every night 'X' would massage 'Y's body. But, being a child, 'X' could not enter the cinema hall and came back before dawn. Knowing the fact of going outside, 'Z', the caretaker of the Shishu Poribar, in the next morning compelled 'X' to cut grass of field as a punishment. Ascertain the liabilities of 'Y' and 'Z' under the Shishu Ain, 2013.

5. a) Discuss the role of the Legal Aid Officer in 'pre-case' and 'post-case" dispute resolution in light of the relevant provisions of the Aingoto Sahayota Prodan Ain, 2000 and the rules made thereunder.

   b) 'X', aged 15 years whose average yearly income is Tk. 1,60,000, filed an application for legal aid to the Supreme Court Legal Aid Committee. As the age of 'X' was below 18 years, the Committee rejected the application suggesting him to file the same through guardian. Is there any remedy available for 'X'? Answer in accordance with relevant laws and rules.

   c) Describe the provisions relating to the meeting of the District Legal Aid Committee in light of the Aingoto Sahayota Prodan Ain, 2000. How the monthly meeting of the District Legal Aid Committee promotes the litigants' right to access to justice?

## Part-B: Answer any two (2×20=40)

6. a) What is meant by 'Madokdrabya' under the Madokdrabya Niyontron Ain, 2018? Briefly explain the procedure of forfeiting narcotics by a Magistrate Court or Tribunal.

   b) "The trial of a case related to narcotics shall be completed within the statutory period."- Elucidate the statement in light of the relevant provisions of the Madokdrabya Niyontron Ain, 2018.

   c) 'X', after passing the written examination, is primarily selected for a government job. He is found positive in the dope test as a prerequisite for joining the service. Can any legal action be taken against him under the Madokdrabya Niyontron Ain, 2018?

   d) What is the punishment for the following offences under the Madokdrabya Niyontron Ain?
   i) Illegal or harassing search:
   ii) Letting out homestead or transport for commission of offence relating to madokdrabya.

7. a) Describe the constitution, purpose and procedure of Advisory Board under the Special Powers Act, 1974.

   b) Explain the provisions of penalty for adulteration of or sale of adulterated food, drink, drugs or cosmetics under the Special Powers Act, 1974.

   c) Write short notes on the following under the Special Powers Act, 1974:
   i) Protected Area;
   ii) Appeal and Confirmation of death sentences.

8. a) What do you understand by 'controlled delivery' under the Madokdrabya Niyontron Ain, 2018? Under what circumstances the Government may approve 'controlled delivery"? Discuss the powers and functions of a person authorised for 'controlled delivery'.

   b) 'X' is a habitual narcotic seller. He, in the meantime, has been convicted twice and suffered 3 and 5 years imprisonment respectively for narcotic related offence. 'X' committed narcotic offence again and on trial charge has been proved. Now, what would be the minimum term of imprisonment of 'X'? Answer mentioning the relevant provision of the Madokdrabya Niyontron Ain, 2018.

   c) Write short notes on the following under the Madokdrabya Niyontron Ain, 2018.
   i) Special examination for bodily search;
   ii) Alkaloid and Precursor Chemicals.

নিশ্চয় সেরাদের সেরা
ড. সিদ্দিক পাবলিকেশন্স
লেখক
হুমায়রা সিদ্দিকা হুমাসা এবং ড. আবু বকর সিদ্দিক
সহায়ক গ্রন্থাবলী ঃ ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম ও একাদশ শ্রেণী
পাঠ্য বই ঃ HSC, B.Sc এবং M.Sc 01511 483701, 01979 483701
ভর্তি পরীক্ষা ঃ বুয়েট, মেডিকেল, ঢাবি, জাবি, রাবি, চবি, গুচ্ছ, কৃষি, নার্সিং-মিডওয়াইফারি
চাকুরী ঃ বিসিএস, শিক্ষক নিবন্ধন, সহকারী জজ নিয়োগ এবং প্রাথমিক শিক্ষক নিয়োগ
ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার